

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৮৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৪. প্রথম অনুচ্ছেদ - পবিত্রতা অর্জন ও সকাল সকাল মসজিদে গমন

بَابُ التَّنْظِيْفِ وَالتَّبْكِيْرِ

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَا يُقِيمَنَّ أَحَدُكُمْ أَخَاهُ يَوْمَ الْجُمُعَةِ ثُمَّ يُخَالِفُ إِلَى مَقْعَدِهِ فَيَقْعُدَ فِيهِ وَلَكِن يَقُول: افسحوا . رَوَاهُ مُسلم

বাংলা

১৩৮৬[৬] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ জুমু'আর দিনে মসজিদে গমন করে কোন মুসলিম ভাইকে যেন তার জায়গা হতে উঠিয়ে দিয়ে সেখানে নিজে না বসে। বরং সে বলতে পারে ভাই! একটু জায়গা করে দিন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ২১৭৮, সুনানুল কুবরা লিল বায়হাকী ৫৮৯৮, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ১৩০২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীসে উল্লেখিত নিষেধাজ্ঞাটা জুমু'আর দিনের জন্য নির্ধারিত এবং এ ব্যাপারে 'আম বা ব্যাপক অর্থবাধক শব্দে বর্ণিত রয়েছে, যেমন ইবনু 'উমার (রাঃ)-এর বর্ণিত হাদীস যা তৃতীয় অনুচ্ছেদে আসবে। আল্লামা শাওকানী (রহঃ) বলেনঃ জাবির (রাঃ) বর্ণিত হাদীসে (يَوْمُ الْجُمُونِ) উল্লেখ করা হয়েছে 'আম বা মূল বর্ণনার কতকগুলো অংশ বিশেষের উপর নস বা হুকুম থেকে, মুত্বলাক হাদীসগুলোর জন্য মুকাইয়াদ থেকে নয় এবং 'আমগুলোর জন্য খাস থেকে নয়। সুতরাং মাসজিদ কিংবা অন্যস্থান, জুমু'আর দিন বা অন্যদিনে যে তার নিজ অবস্থান থেকে সালাত (সালাত/নামায/নামাজ) কিংবা অন্য কোন বাধ্যবাধকতায় উঠে যাবে, সে উক্ত স্থানের প্রতি বেশি হকদার এবং অন্যের জন্য উক্ত স্থানে দাঁড়ানো ও বসা বৈধ হবে না। তবে সে যদি উক্ত স্থান হতে আলাদা কোন স্থানে বসে তবে অন্য ব্যক্তি সেখানে বসতে পারে।



এ বিষয়ে আবূ হুরায়রাহ্ (রাঃ) বর্ণিত হাদীস হল, 'যখন কেউ তার বৈঠক থেকে উঠে যাবে, অতঃপর ফিরে আসবে সে উক্ত স্থানের জন্য বেশী হকদার।'

তবে সে বলতে পারে ভাই! একটু জায়গা করে দিন। ইবনু 'উমার (রাঃ) বর্ণিত হাদীসে রয়েছে, বসার স্থান সম্প্রসারণ করো ও প্রসার করো। (চেপে বসার মাধ্যমে অন্যকে বসার, জায়গা করে দেয়া)..... যেমন আল্লাহ তা'আলা বলেনঃ

يَا أَيُّهَا الَّذِينَ امَنُوا إِذَا قِيلَ لَكُمْ تَفَسَّحُوا فِي الْمَجَالِسِ فَافْسَحُوا يَفْسَحِ اللّهُ لَكُمْ

অর্থাৎ "যখন তোমাদের বৈঠকগুলো সম্প্রসারণ করতে বলা হয় তখন তোমরা সম্প্রসারণ করো। আল্লাহ তা'আলাও তোমাদের জন্য সম্প্রসারণ করবেন।" (সূরাহ্ আল মুজা-দালাহ্ ৫৮ : ১১)

কিন্তু সামনের স্থান যখন প্রশস্ত হবে তখন এটি প্রযোজ্য, নয়ত কারো স্থান সংকোচন করা যাবে না। বরং মসজিদের দরজার উপর হলে সেখানেই সালাত আদায় করতে হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন